DEC. 31 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ২ ...



*ছাত্র সংসদ নির্বাচনে বিজয়ী (বাম থেকে) ভিপি, জিএস ও এজিএস*

# সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ নির্বাচনে ছাত্রদলের বিজয়

প্রেস বিজ্ঞপ্তি ঃ গত ২৯ ডিসেম্বর (শনিবার) স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের ছাত্র সংসদ নির্বাচন ২০০২ অনুষ্ঠিত হয়। এই নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির পূর্ণ প্যানেলে ও বাংলাদেশ ছাত্র ইউনিয়ন একটি পদে (সাহিত্য সম্পাদক) প্রতিদ্বন্দ্বিতা করে। সকাল ৯টা থেকে বেলা ১টা পর্যন্ত একটানা ভোট গ্রহণ করা হয়। উক্ত নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল মনোনীত মঈন-সোহেল-শামীম পরিষদ পূর্ণ প্যানেলে বিপুল ভোটের ব্যবধানে বিজয়ী হয়। বাংলাদেশ ছাত্রদল মনোনীত ভিপি পদে মোঃ মাইনুল ইসলাম মঈন, জিএস পদে মোঃ এরশাদ আহসান সোহেল ও এজিএস পদে কাজী শাহ মোঃ আবদুল্লাহ শামীম নির্বাচিত হন। মোট ৯৩৮ জন ভোটারের মধ্যে ৭০৪ জন ভোট প্রদান করেন।